তারিখ 0 8 MAY 2005
পৃষ্ঠা ... কলাম ...

0 8 MAY 200

দৈনিক
ইনকিলাব

প্রশ্নপত্র ফাঁস করে ভর্তি

জাবি'র শিক্ষকের বিরুদ্ধে ছাত্রছাত্রীদের প্রতিবাদ

জাবি সংবাদদাতা ঃ প্রশ্নপত্র ফাঁস করে দুর্নীতির মাধ্যমে অর্থনীতি বিভাগে ছাত্রভর্তি করার অভিযোগ সত্য প্রমাণিত হওয়ায় বামদলীয় শিক্ষক অধ্যাপক আমীর হোসেনের বিরুদ্ধে প্রতিবাদমুখর হয়ে উঠেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা। গতকাল সকাল ১০টায় উক্ত শিক্ষকের বিচার দাবী করে সাধারণ ছাত্রছাত্রীরা অমর একুশের পাদদেশ থেকে এক মৌনর‍্যালি বের করে। প্রায় ২ শতাধিক সাধারণ ছাত্রছাত্রী এ র‍্যালিতে অংশগ্রহণ করে। উক্ত র‍্যালিটি সমাজবিজ্ঞান অনুষদ, নতুন কলাভবন ও পুরাতন কলাভবনসহ ক্যাম্পাসের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে প্রশাসন ভবনে গিয়ে শেষ হয়।

প্রশাসন ভবনে ছাত্রছাত্রীরা এক ঘন্টা অবস্থান ধর্মঘট করে। এ সময় ছাত্রছাত্রীদের প্লাকার্ডে দুর্নীতিবাজ আমীর হোসেনের বিচার চাই, আমরা সবাই আমীর মামার ভাগ্নে হব, জাবিতে ভর্তি হব, বামদলীয় শিক্ষক আমীর হোসেনের চৌর্যবৃত্তির বিচার কর প্রভৃতি প্রতিবাদ ও ব্যঙ্গাত্মক লেখা দেখতে পাওয়া যায়।

উল্লেখ্য, জাবির ২০০৪-০৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় অর্থনীতি বিভাগে অধ্যাপক আমীর হোসেন তার ভাগিনা নাজমুল কবির চৌধুরীকে তৃতীয় শিফটের পরীক্ষায় প্রথম শিফটের প্রশ্নপত্র অবৈধ পন্থায় সংগ্রহ করে নিজ কক্ষে বসিয়ে পরীক্ষা প্রদানপূর্বক মেধা তালিকায় ১১তম অবস্থানে ভর্তির সুযোগ করে দেয়। এ ব্যাপারে বিভাগীয় শিক্ষক ও অনুষদ ডীনের সমন্বয়ে ৩ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠিত হয়।